### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রাত লাইন প্রাত বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ⁄০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

## সাপ্তাহিক সংবাদ-পত্র


হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

### অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জাঙ্গপুর (মুশিদাবাদ)


ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



৪১শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৮ই ভাদ্র বুধবার ১৩৬১ ইংরাজী 25th Aug. 1954 | ১৫শ সংখ্যা





উজ্জ্বল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. SERVICE

### অগ্রগতির পথে নূতন পদক্ষেপ

হিন্দুস্থান তাহার যাত্রাপথে প্রতি বৎসর নূতন নূতন সাফল্য, শক্তি ও সমৃদ্ধির গৌরবে দ্রুত অগ্রসর হইয়া চলিয়াছে।

নূতন বীমা (১৯৫৩)

**১৮ কোটি ৮৯ লক্ষের উপর**

হিন্দুস্থানের উপর জনসাধারণের অবিচলিত আস্থার উজ্জ্বল নিদর্শন।

ভারতীয় জীবন বীমার ক্ষেত্রে

পূর্ব্ব বৎসর অপেক্ষা **২ কোটি ৪২ লক্ষ বৃদ্ধি**

সমসাময়িক তুলনায় সর্ব্বাধিক

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,

হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা—১৩

শাখা অফিস ঃ ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

৮ই ভাদ্র বুধবার সন ১৩৬১ সাল।

# পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা কমিশন

—•—

বিচার্য বিষয় সম্বন্ধে স্মারকলিপি আহ্বান

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা কমিশন নিম্নোক্ত মর্মে এক প্রেসনোট প্রচার করিয়াছেন:

পশ্চিমবঙ্গে মধ্যশিক্ষা ব্যবস্থা কিভাবে কার্যকর হইতেছে তাহা পরীক্ষার জন্য পশ্চিমবঙ্গ সরকার একটি কমিশন নিযুক্ত করিয়াছেন। কমিশন কাজ শুরু করিয়াছেন। বিশেষ করিয়া ভারত সরকারের মধ্যশিক্ষা কমিশনের সুপারিশগুলির প্রতি লক্ষ্য রাখিয়া কমিশন নিম্নোক্ত বিষয়সমূহ সম্বন্ধে এই রাজ্যের সরকারী সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়সমূহ ও সরকারী সাহায্য পায় না এইরূপ বিদ্যালয়সমূহে মধ্যশিক্ষা ব্যবস্থা কিভাবে কার্যকর হইতেছে তাহা পরীক্ষা করিবেন: (১) মাধ্যমিক বিদ্যালয়সমূহ পরিদর্শন এবং স্বীকৃতিদান, নিয়ন্ত্রণ ও পরিচালনের বর্তমান পদ্ধতি; (২) পশ্চিমবঙ্গের মাধ্যমিক বিদ্যালয়সমূহের শিক্ষকদের বর্তমান মর্যাদা এবং তাঁহাদের নিযুক্তি, নির্বাচন ও শিক্ষার বর্তমান পদ্ধতি; (৩) পশ্চিমবঙ্গের মাধ্যমিক বিদ্যালয়সমূহের শিক্ষকদের বেতনাদি ও চাকুরীর শর্তাবলী; (৪) বর্তমান শিক্ষকদের বেতনাদি ও যোগ্যতাসমূহ দ্বারা পশ্চিমবঙ্গের বিদ্যালয়সমূহে যে শিক্ষা দেওয়া হয় তাহার মান কতদূর প্রভাবিত হইতেছে; (৫) সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়সমূহে ও সাহায্যপ্রাপ্ত নহে এইরূপ বিদ্যালয়সমূহে নিয়মানুবর্তিতা ও দক্ষতার মান; এবং (৬) বিদ্যালয়সমূহের পুনর্জী ও আবর্তক ব্যয় এবং তাহাদের দক্ষ পরিচালনের ব্যাপারে ম্যানেজিং কমিটিসমূহের অবদান।

জনসাধারণ ও যাঁহারা এই রাজ্যে মধ্যশিক্ষার সহিত সংশ্লিষ্ট বা মধ্যশিক্ষা সম্বন্ধে আগ্রহশীল তাঁহাদিগকে নূতন মহাকরণ ভবন, দোতলা, হেষ্টিংস ষ্ট্রীট, কলিকাতা ঠিকানায় অবস্থিত মধ্যশিক্ষা কমিশনের অফিসে উল্লিখিত বিষয়সমূহের এক বা একাধিক বিষয়ে স্মারকলিপি ১৯৫৪ সালের ১লা সেপ্টেম্বরের ভিতর পেশ করিতে অনুরোধ জানান যাইতেছে। স্মারকলিপি সংক্ষিপ্ত ও এই রাজ্যের মধ্যশিক্ষা ব্যবস্থার উন্নতির সুনির্দিষ্ট প্রস্তাবাদি সম্বলিত হওয়া প্রয়োজন। কমিশন আশা করেন যে পশ্চিমবঙ্গের জনসাধারণ কমিশনের সহিত সম্পূর্ণরূপে সহযোগিতা করিবেন।

কমিশন যে সহযোগিতা চাহিয়াছেন, বিদ্যালয়ের প্রত্যেক হিতৈষীর উচিত স্কুলের অসৎ-দৃষ্টান্তসম্পন্ন প্রত্যেক শিক্ষকের দোষ দেখিয়ে দেওয়া। কারণ ভবিষ্যতের আশা ভরসা ছাত্রগণের অনুকরণীয় চরিত্রবান শিক্ষক যত বেশী হইবে ততই মঙ্গল। শিক্ষকগণ খাইতে পান না বলিয়া অপাপবিদ্ধ ছাত্রগণের মস্তক চর্ব্বণকারী যাহাতে না হইতে পারেন তাহাও দেখিতে হইবে। আমরা পুকুর চুরি, ছাত্রের সহায়তায় অপকর্ম্ম, সরস্বতীর পবিত্র মন্দিরে দুষ্ট সরস্বতীর আবির্ভাব প্রভৃতির কাগজাত প্রমাণ যাহা সংগ্রহ করিয়া রাখিয়াছি তাহা রেজিষ্টারী ডাকে কমিশনের নিকট পাঠাইব। স্কুল ইন্‌স্পেক্টর যাঁহার অন্যায় জিদের দরুণ বে-আইনীভাবে শিক্ষককে তাড়ান হইয়াছিল। শিক্ষককে তাঁহার ক্ষতিপূরণ দেড় হাজারের উপর আক্কেলসেলামী স্কুলকে দিতে হইয়াছে. তাহা কমিশনের গোচরে আনা স্কুল কমিটির কর্ত্তব্য। দেবচরিত্র শিক্ষক একেবারে নাই, একথা বলা যায় না। তাঁহাদের উল্লেখ করিয়া কমিশনকে তাঁহাদের সম্বন্ধে সুবিবেচনা করার অনুরোধও যেন করা হয়।

---

## ১৯১৪ খৃষ্টাব্দের
## শ্রীসুরেশচন্দ্র মজুমদার

( শরৎচন্দ্র পণ্ডিত )

আজ যাঁহার আকস্মিক মহাপ্রয়াণে সারা ভারতে শোকের ছায়া পড়িয়া প্রত্যেক শিক্ষিত মানবহৃদয়ে দারুণ ব্যথা অনুভূত হইতেছে, আনন্দবাজার পত্রিকা লিমিটেডের অন্যতম প্রতিষ্ঠাতা ও ম্যানেজিং ডিরেক্টর, ভারতীয় সংসদের সদস্য, সংবাদপত্র জগতের বিরাট স্তম্ভস্বরূপ, বাংলা লাইনো টাইপের উদ্ভাবক, শৃঙ্খলিতা ভারতমাতার বাঁধন ছেদনের একজন নামকরা ছেত্তা শ্রীসুরেশচন্দ্র মজুমদারের সহিত আমার প্রথম সাক্ষাৎ হয় বহরমপুর গোরাবাজারে। বহরমপুর কালেক্টরীর সুপারিন্টেণ্ডেণ্ট স্বর্গত কিরণচন্দ্র মল্লিক আমাদের জঙ্গিপুর মহকুমার অনেকেরই পরিচিত। যুদ্ধের সময় তদানীন্তন মুর্শিদাবাদ জেলার ম্যাজিষ্ট্রেট মিঃ ডবলিউ. এস. মিলনী সাহেব বিনা জামানতে 'জঙ্গিপুর সংবাদ' প্রকাশ করিবার অনুমতি দিয়াছেন। সেই সংবাদ পাইয়া কিরণ বাবুর কাছে আমার করণীয় কি জানিবার জন্য গিয়া দেখি তাঁহার নিকট একজন ২৫।২৬ বৎসরের ভদ্রলোক বসিয়া আছেন। কিরণ বাবুর নিকট ইঁহার পরিচয় অবগত হইলাম। কিরণ বাবুর ছোট কাকা জ্ঞানউপেন্দ্র মল্লিক (ফান্তি বাবু) উকীল বাবুর সহিত ইঁহার ভগ্নীর বিবাহ হইয়াছে। কেবল দেখিলাম কথাবার্ত্তা কিছুই হইল না। কিরণ বাবুই বলিলেন সামসুল আলম পুলিশকে গুলি করায় যাঁহারা ধরা পড়িয়াছিলেন, ইনি তাঁহাদের অন্যতম সন্দেহে অনেক দিন হাজতে ছিলেন। আমাদের বাড়ী যখন আসেন, পুলিশ তখন আনাগোনা করে।

"জঙ্গিপুর সংবাদ" ছাপা হয় বাক্সের মত ডালা দিয়া প্যাড করিয়া পায়ের চাপে। কাছে মূলধন হয়েছে তখন ২০০৲ টাকা। যদি এই দামে একটী লোহার আপনা-আপনি কালি দেওয়া হয় এমন একটা পুরাতন ছাপা কল কিনতে পারি বলে কলিকাতা গেলাম। বৃটিশ ইণ্ডিয়ান ষ্ট্রীটে "হরেসমাস জোন্স" নামে এক ইটালিয়ান সাহেব প্রেস ও ছাপাখানার জিনিসপত্র বিক্রি করেন শুনে, সেখানে গেলাম।

আমার এই পেটেন্ট পোষাক—পরণে ধুতি, গায়ে চাদর, গামছায় বাঁধা আর একখানি ধুতি আর একটি টিনের চোঙার মধ্যে ১টি ছোট হুঁকো, তামাক, টিকে আর চকমকি ও শোলা। সাহেব

ব'সে একমনে টাইপ করছেন। আমার দিকে নজর পড়া মাত্র ইংরাজীতে জিজ্ঞাসা করলেন—

আর ইউ কামিং ফ্রম এ জাংগল্? (তুমি কি জঙ্গল থেকে আসছ?)

আমি একটুও বিরক্ত না হ'য়ে সঙ্গে সঙ্গে উত্তর দিলাম—ইয়েস্ সার্ আই অ্যাম্ কামিং ফ্রম্ এ জাংগল্ (হাঁ মহাশয়, আমি জঙ্গল হতেই আসছি।)

আমার প্রতি সাহেবের এই সাদর সম্ভাষণ, আর কেউ শুনলে কিনা দেখবার জন্য পিছন ফিরে দেখি—গোরাবাজারে কিরণ বাবুর বাড়ীতে দেখা সেই ভদ্রলোক।

আমি সাহেবের কথায় কোন অপমান বোধ না করে জঙ্গল থেকে আসছি স্বীকার করায় সাহেব যেন একটু অপ্রস্তুত হয়েছেন মনে হলো।

সাহেব প্রশ্ন করলেন—মোষ্ট্ প্রবেব্লি ইউ আর এ সারভ্যান্ট্ অব্ এ প্রিন্টিং প্রেস। (খুব সম্ভব তুমি কোন ছাপাখানার চাকর।

আমার উত্তর—নো সার্, আই অ্যাম্ দি প্রোপ্রাইটর অব্ এ প্রিন্টিং প্রেস্। আই অ্যাম্ দি এডিটর্ অব্ এ জংগ্লী নিউস্-পেপার, আই অ্যাম দি কম্পোজিটর, আই অ্যাম্ দি প্রেস্ম্যান্, আই অ্যাম্ দি ফ্লাই বয়, সাম্ টাইম্স আই বিকাম্ দি পিওন অব্ দি প্রেস্, হোয়েন আই ডিষ্ট্রিবিউট মাই পেপার অ্যামং মাই সাবস্ক্রাইবার্স্। (না, মশাই, আমি এক ছাপাখানার মালিক, আমি এক জংগ্লী খবরের কাগজের সম্পাদক, আমি কম্পোজিটর, আমি জমাদার, আমি কাগজতোলা ছোকরা, যখন আমি আমার গ্রাহকদের কাগজ বিলি করি তখন আমি পিওন।)

সাহেব চেয়ার হ'তে উঠে আমার করমর্দ্দন ক'রে আমাকে চেয়ারে বসালেন। আমি বসার পর বলিলেন—ইউ আর বেঞ্জামিন ফ্র্যাঙ্কলিন অব্ ইণ্ডিয়া (তুমি ভারতের বেঞ্জামিন ফ্র্যাঙ্কলিন) গোরাবাজারে দেখা সেই ভদ্রলোক আমার কাছে এসে আমাকে বল্লেন আপনার বাড়ী বহরমপুর? আমি বল্লাম—না, জঙ্গিপুর। আলাপ করে জানলাম ইঁহার নাম শ্রীসুরেশচন্দ্র মজুমদার। ইনিও একটি প্রেস করবেন।

১৯২৩ খৃষ্টাব্দে যখন সাপ্তাহিক 'বিদূষক' প্রকাশ করিয়া কলিকাতার রাস্তায় রাস্তায় গান গাহিয়া ফেরী করিয়া বেড়াইতে আরম্ভ করিলাম তখন কলিকাতায় গোলদীঘির দক্ষিণ-পূর্ব্ব কোণের বিপরীত দিকে দৈনিক "আনন্দবাজার পত্রিকা" এবং বহুবাজার ষ্ট্রীটের উপর সাপ্তাহিক "বিজলী" বাঙলা মায়ের কয়েকটি দামাল ছেলেরা বাহির করিয়াছে। "বিদূষক" বেচিতে বেচিতে "বিজলী" কার্য্যালয়ে নিজেই গিয়াছিলাম। গোলদিঘীর ধারে কাগজ ফিরি করার সময় শ্রীমাখনলাল সেন (মাখন দা') আমাকে "আনন্দবাজার পত্রিকা" অফিসে লইয়া গিয়া সুরেশ বাবু, প্রফুল্ল বাবু ও সত্যেন বাবুর সঙ্গে আলাপ করিয়া দিলেন। ওঁরাও কাগজওয়ালা আমিও কাগজওয়ালা ক্রমশঃ আনুগত্য জান্মল। মাঝে মাঝে আনন্দবাজার অফিসে গিয়ে প্রফুল্ল বাবুর আনীত একটি ডাবা হুঁকায় ১ কড়া কড়ি বাঁধিয়া আমার তামাক খাবার পন্থা করিয়া দিয়াছিলেন। এই সব দৈনিক ও সাপ্তাহিক কাগজের কর্ত্তারা আমাকে কিছু লিখতে বল্লেই উত্তর পাইত—আমি আমার ছোট কাঁসিই বাজাইব, কারো ঢাকে কাঠি দিতে যাব না। সুরেশ বাবু মাঝে মাঝে আমাকে চমকাইতেন জোন্স সাহেবের "আর ইউ কামিং ফ্রম্ এ জংগ্ল্" সবকে বলে দিবেন বলে"। জবাব পেতেন—জেলে ওয়ার্ডারের গুঁতো তো খাইনি। যা অনেকের ভাগ্যে হয়েছে। ১নং বর্ম্মন ষ্ট্রীটে যখন ইংলিশম্যানের সুবৃহৎ মেসিনে আনন্দবাজার পত্রিকা হিন্দুস্থান ষ্ট্যাণ্ডাড ও দেশ ছাপান হইত, তখন সুরেশচন্দ্র আমাকে প্রায়ই বলিতেন—দাদা ঠাকুর যদি কখনও কোনও উপকার করতে পারি তবে নিজে আনন্দ পাবো। কখন কখন তাঁর অফিসে গিয়ে বসলে—বসিয়ে নীচে গিয়ে লাইনো টাইপে ইংরাজী ও বাংলায়

পণ্ডিত প্রেস—রঘুনাথগঞ্জ
**Pandit Press—Raghunathganj.**

অনেকগুলি আমাকে দিতেন।

১৯৪৬—২৩শে জানুয়ারী সুভাষচন্দ্রের জন্মদিনে আনন্দবাজারে কিছু লেখার জন্য বলেন—এবার কাঁসীওয়ালা একবার পরের ঢাকে কাঠি না দিলে ছাড়বো না। ২১শে জানুয়ারী লেখা দিতেই হবে। আমি পদ্যবন্ধে শ্রদ্ধা নিবেদন লিখে ২২শে নিয়ে যওয়ায় খুব অভিমান করে সুরেশচন্দ্র বল্লেন—ব্লকই বা কখন হবে ছাপাই বা কখন হবে। সংবাদ-সম্পাদক শ্রীহরিপদ মহলানবীশ মহাশয় খুব তৎপর হইয়া সুভাষচন্দ্রের জন্মদিনেই পদ্যবন্ধ বাহির করেন। পড়িয়া সুরেশচন্দ্র বলিলেন—অমূল্য হয়েছে। আমাকে চুপ করে ডেকে বল্লেন—দাদা ঠাকুর, এতে পরিশ্রম যথেষ্ট হয়েছে। প্রণামী কিছু নিতে হবে। উত্তর করলাম—এখনই মুখে অমূল্য বলে আবার মূল্য কেন? অপ্রস্তত হয়ে পায়ের ধুলা নিলেন। যখন দেখা হতো মাথা যেন নত হয়েই আছে। দেখা হলেই বল্তেন—কখনও কোন কাজ করার আদেশ তো করলেন না! একটি ক্ষুদ্র চারাগাছ স্বহস্তে রোপণ করিয়া তাহাকে বিশাল মহীরুহে পরিণত করিয়া বঙ্গজননীর এই আদরের আদর্শ সন্তান কাম্য-ধামে গমন করিয়া চিরশান্তি ভোগ করুন। কবীরের ভাষায়—

"কবীরা তোম্ যব জগমে আও
জগ হাসে তোম্ রোই।
এইসা করণী করকে চলো
তোম্ হাসে জগ রোই॥"

অর্থ—তুমি যখন জগতে এসেছিলে সকলে হেসেছিল, তুমি কেঁদেছিলে, এমন কাজ করে যাও যাতে তুমি হাসতে হাসতে যাবে জগৎ কাঁদবে।

---

## ভুমিস্বত্বাধিকারীদের প্রাপ্য খাজনা ও সেস

**প্রজাগণ কর্ত্তৃক সত্বর পরিশোধের সরকারী পরামর্শ**

দেখা গিয়াছে যে প্রজারা উপরস্থ স্বত্বাধিকারীর প্রাপ্য খাজনা ও সেস্ বন্ধ করিবার চেষ্টা করিতে-ছেন। সরকার প্রজাদের স্মরণ করাইয়া দিতে চান যে জমিদারী ও অন্যান্য মধ্যবর্ত্তী স্বত্ব সরকারে বর্ত্তিবার পূর্ব তারিখ পর্য্যন্ত প্রজাদের দেয় যাবতীয় বকেয়া খাজনা ও সেস্ তাঁহাদের উপরস্থ স্বত্বাধি-কারীর প্রাপ্য এবং ইহা উক্ত তারিখের পরও আই-নের বিধান অনুসারে আদায় করা যাইবে। কোন প্রজা যদি স্বয়ং মধ্যস্বত্বাধিকারী হন তবে তাঁহার দেয় বকেয়া খাজনা ও সেস্ জমিদারী গ্রহণ আইন অনুসারে তাঁহার প্রাপ্য ক্ষতিপূরণ হইতেও আদায়

করা যাইতে পারে। এতদ্ব্যতীত জমিদারী গ্রহণের পর জমিদার অথবা মধ্যবর্ত্তী স্বত্বাধিকারীরা আবেদন করিলে সরকারও তাঁহাদের প্রাপ্য বকেয়া খাজনা ও সেস্‌ আদায়ের ভার লইতে পারেন। সুতরাং প্রজাদের স্বার্থেই তাঁহাদিগকে যথাসত্বর তাঁহাদের উপরস্থ স্বত্বাধিকারীর প্রাপ্য খাজনা ও সেস্‌ পরিশোধ করিবার পরামর্শ দেওয়া যাইতেছে।

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## *নিলামের দিন ১৩ই সেপ্টেম্বর ১৯৫৪*

১৯৫৩ সালের ডিক্রীজারী

৫৮৬ থাং ডিঃ দ্বিজপদ চট্টোপাধ্যায় দিং দেং সোলেমান সেথ দিং দাবি ১২৯৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামদেবপুর ও মিঠিপুর ৪-৩৯ শতকের কাত নিজাংশে ৩৮৶২ আঃ ৪৫৲ খং ৯০, ৯১, ৯৪, ২৮৯

৫৮৭ থাং ডিঃ ঐ দেং রঘুনাথ দাস দিং দাবি ১০০৶৯ থানা ঐ মৌজে সেকেন্দরা ২-৯৪ শতকের কাত নিজাংশে ৩।০ আঃ ২৫৲ খং ৫৮৬

১৯৫৪ সালের ডিক্রীজারী

২৪৯ থাং ডিঃ শ্যামাপদ রায় দেং রশুল মহাম্মদ সেথ দাবি ১৮৸/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে আস্রফনগর ১-২৮ শতকের কাত ১৸/৬।০ আঃ ১০৲ খং ২৩৫ অধীনস্থ খং ২৩৯

২৫০ থাং ডিঃ ঐ দেং জানমহম্মদ মণ্ডল দিং দাবি ২৮/৬ মৌজাদি ঐ ১-৩৩ শতকের কাত ৩॥৶০ আঃ ৫৲ খং ২১৮ রায়ত স্থিতিবান।

২৫১ থাং ডিঃ ঐ দেং বাহার সেথ দিং দাবি ১৮।৶৬ থানা ঐ মৌজে বড়শিমুল ১৪ শতকের কাত ২॥/১০ আঃ ৫৲ খং ৫০৫ জোত স্বত্ব।

২৫২ থাং ডিঃ ঐ দেং মোহিনীমোহন রায় দিং দাবি ১৬।৶০ থানা ঐ মৌজে তেঘরী ২৪ শতকের কাত ২/১২।০ আঃ ৫৲ খং ৮৪২

---

## *চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত*

## *নিলামের দিন ২০শে সেপ্টেম্বর ১৯৫৪*

১৯৫৪ সালের ডিক্রীজারী

১৪৭ থাং ডিঃ শ্যামাপদ রায় দেং সুধীরকুমার রায় দিং দাবি ৬৪॥/৬ থানা সাগরদীঘি মৌজে ভূমিহর ২-৬৮ শতকের কাত ৮৸৶৬ আঃ ২৫৲ খং ১০০৮

৪ থাং ডিঃ কমলারঞ্জন ধর দিং দেং লুতফর রহমান দাবি ৩৯৶০ থানা সাগরদীঘি মৌজে দিয়ারা ১-৫২ শতকের কাত ৫৲ আঃ ২৫৲ খং ৩১৭

১৫৯ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং নারায়ণচন্দ্র কর্ম্মকার দাবি ১১৮৶৯ থানা ফরাক্কা মৌজে কুলী ৫ শতকের কাত ।৵০ আঃ ২৲ খং ৫৩৯ রায়ত স্থিতিবান।

২১৫ থাং ডিঃ ঐ দেং গোবিন্দলাল পাঁড়ে দিং দাবি ৭৩॥৶৯ থানা ঐ মৌজে শ্রীমন্তপুর ১৫-২৪ শতকের কাত ২৭৶৫ আঃ ৬০৲ খং ১১১৮ অধীনস্থ ১১১৯—১১৩০, ১১৩৯—১১৭৬ মধ্যস্বত্ব চিরস্থায়ী জোত।

১৬১ থাং ডিঃ ঐ দেং ইমাজুদ্দিন সেথ দিং দাবি ১৯৮৯ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর দিঘরী ১-১৩ শতকের কাত ২।/৯ আঃ ৫৲ খং ১৪৭০ রায়ত স্থিতিবান।

২০০ থাং ডিঃ কমন ম্যানেজার রণেন্দ্রনারায়ণ বাগচী দেং তিতু বিশ্বাস দিং দাবি ২২/৩ থানা সাগরদীঘি মৌজে চাঁদপাড়া ৩১ শতকের কাত ॥১০ আঃ ৫৲ খং ৫৮৯

২০১ থাং ডিঃ ঐ দেং বাসের আলী সেথ দিং দাবি ১৭/৩ মৌজাদি ঐ ১৮ শতকের কাত ১৶২॥ আঃ ৫৲ খং ৫১১

২০২ থাং ডিঃ ঐ দেং আহাম্মদ সেথ দিং দাবি ২০৶০ মৌজাদি ঐ ১।৩।/৫ বিঘার কাত ১/০ আঃ ৫৲ খং ৫০২।৫০৩

২০৫ থাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলাক্ষা দেং জগন্নাথ মণ্ডল দিং দাবি ৬৯।০ থানা সাগরদীঘি মৌজে চণ্ডীগ্রাম রঘুনাথপুর ১-০৫ শতকের কাত ১০।/৩ আঃ ১০৲ খং ১০২৫ মধ্যে।

২০৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩॥/৬ মৌজাদি ঐ ৪৬ শতকের কাত ৪৵১০ আঃ ৫৲ খং ৪০০

২০৮ থাং ডিঃ ঐ দেং আবদুল সাত্তার দিং দাবি ২৮৸৯ মৌজাদি ঐ ১-৩৬ শতকের কাত ৪।৶২ আঃ ১০৲ খং ৭৭২

২০৭ থাং ডিঃ ঐ দেং এসরাইল বিশ্বাস দিং দাবি ১৩।০ থানা সাগরদীঘি মৌজে কোমড্ডা ৪৬ শতকের কাত ৸৵১০ আঃ ৫৲ খং ১৪৬

২০৯ থাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং শীতলচন্দ্র মিস্ত্রী দিং দাবি ২২৵৬ থানা সাগরদীঘি মৌজে রতনপুর ১-০৮ শতকের কাত ৪।৶৮ আঃ ৫৲ খং ২২৯

২১৪ থাং ডিঃ ঐ দেং মজেদ সেথ দিং দাবি ১৪৸৬ মৌজাদি ঐ ২৮ শতকের কাত ॥/৬ আঃ ৫৲ খং ১৭৮

---

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## *নিলামের দিন ৮ই নভেম্বর ১৯৫৪*

১৯৫৪ সালের ডিক্রীজারী

৩৯৬ থাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং তুলসীরাম দাস দিং দাবি ২৩৲৬ থানা সুতী মৌজে নজিরপুর ৪-০৯ শতকের কাত ২॥৵১ আঃ ৫৲ খং ৩২

৩৯৭ থাং ডিঃ ঐ দেং সাবিত্রী মণ্ডলানী দাবি ১১৸০ থানা রঘুনাথগঞ্জ মৌজে তালাই ৮৯ শতকের কাত ॥০ আঃ ৫৲ খং ১৪০

৩৯৮ থাং ডিঃ ঐ দেং যোগেন্দ্রনারায়ণ দাস দাবি ৬২/০ মৌজাদি ঐ ১-৭৩ শতকের কাত ৮॥০ আঃ ১০৲ খং ৯১।৯৪।৪৬১

৩৯৯ থাং ডিঃ ঐ দেং তপেশচন্দ্র দাস দিং দাবি ৩২॥৶০ মৌজাদি ঐ ১-০৫ শতকের কাত ৮॥৬ আঃ ১০৲ খং ১৪৬

৪০০ থাং ডিঃ ঐ দেং বটকৃষ্ণ ঘোষ দাবি ৩১।৶ মৌজাদি ঐ ১-৬৩ শতকের কাত ৮।/১০ আঃ ১০৲ খং ৫২৩

৪০১ থাং ডিঃ ঐ দেং গোপাল মণ্ডল দিং দাবি ২৪৸৶০ মৌজাদি ঐ ১-০৬ শতকের কাত ৫॥৵০ আঃ ৫৲ খং ১৫৫

৪১১ থাং ডিঃ ঐ দেং গোপাল মণ্ডল দাবি ৪৭।৵ মৌজাদি ঐ ২-৪৩ শতকের কাত ১৪৲ আঃ ১৫৲ খং ১৫১

৪০২ থাং ডিঃ ঐ দেং নকড়ি সাহা দিং দাবি ৮৬৸০ মৌজাদি ঐ ৫-২৭ শতকের কাত ২৮৲ আঃ ১৫৲ খং ৪৪২

৪০৩ থাং ডিঃ ঐ দেং আল্লারেখা মোল্লা দিং দাবি ২০।/৯ মৌজাদি ঐ ১-২৩ শতকের কাত ৭।/১১ আঃ ৫৲ খং ৪৪৩

৩৯৫ থাং ডিঃ ঐ দেং অযোধ্যানাথ মণ্ডল দাবি ১৩/৬ মৌজাদি ঐ ৯১ শতকের কাত ৩/৯ আঃ ৫৲ খং ১২৩

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা জঙ্গীপুর সেণ্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের কর্জ্জগ্রহীতা, আমানতকারী ও অংশীদারগণকে জানান যাইতেছে যে, উক্ত ব্যাঙ্কের ১৯৫৩-৫৪ সালের হিসাব পরীক্ষা (Statutory Audit) আরম্ভ হইয়াছে। ২৯শে আগষ্ট হইতে ৩রা সেপ্টেম্বর তারিখের মধ্যে আমার নিকট নিজ নিজ পাশ-বহি সমেত উপস্থিত হইয়া হিসাব মিলাইয়া লইতে অনুরোধ জানান যাইতেছে। অন্যথায় ব্যাঙ্কের হিসাব চূড়ান্ত এবং সঠিক বলিয়া গণ্য করা হইবে।

স্বাক্ষর—শ্রীগৌরীশঙ্কর রায়
সমবায় বিভাগীয় পরিদর্শক
রঘুনাথগঞ্জ জঙ্গিপুর,
অডিট অফিসার।

---

খেলাধুলার সাজ-সরঞ্জাম সরবরাহকারী নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

### "প্লেয়ার্স হোম"

দীর্ঘদিন যাবৎ মুর্শিদাবাদ, বীরভূম ও সাঁওতাল পরগণা জেলার বিভিন্ন শিক্ষা-প্রতিষ্ঠান ও ক্রীড়ামোদিগণের অকৃপণ সহানুভূতি ও সাহায্যলাভ করিয়া আসিতেছে এবং ব্যাপক প্রচেষ্টা ও সকলের শুভেচ্ছায় "প্লেয়ার্স হোম" আপনাদের নিকট মর্য্যাদালাভে সক্ষম হইয়াছে।

আপনাদের অবগতির জন্য জানাইতেছি যে, "প্লেয়ার্স হোম" এযাবৎ "ছাত্রবন্ধু পুস্তকালয়ের" সঙ্গে একই দোকানে পরিচালিত হইতেছিল। **সম্প্রতি এই দোকান পূর্ব্বস্থান হইতে স্থানান্তরিত হইয়া পণ্ডিত প্রেসের সন্নিকটে সম্পূর্ণ খেলাধুলার সরঞ্জামের দোকান হিসাবে খোলা হইয়াছে।** ইতি—

সহযোগিতাকামী—
*"প্লেয়ার্স হোম"*
পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ।

---

**বিক্রয়** রঘুনাথগঞ্জ ৫নং ওয়ার্ডে রামেশ্বর আগরওয়ালার দোকানের সন্নিকটে বাড়ী নির্ম্মাণোপযোগী ৫ শতক জায়গা বিক্রয় হইবে। অনুসন্ধান করুন। শ্রীরামপদ চন্দ্র, রঘুনাথগঞ্জ।

### *দুগ্ধে জল মিশান অপরাধে দণ্ড*

সাগরদীঘি থানার ৭নং মণিগ্রাম ইউনিয়নের অন্তর্গত দোগাছি গ্রামের যোগী ঘোষের পুত্র অভিমন্যু ঘোষ দুগ্ধে জল মিশান অপরাধে ফৌজদারী সোপরদ্দ হয়। জঙ্গিপুরের প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট পি. এন. নস্কর মহাশয়ের আদালতে আসামীর ১০০৲ এক শত টাকা অর্থদণ্ড অনাদায়ে একমাস বিনাশ্রম কারাদণ্ডের আদেশ হইয়াছে।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### *নিলামের দিন ৮ই নভেম্বর ১৯৫৪*

১৯৫৪ সালের ডিক্রীজারী

৪০৪ থাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং অযোধ্যানাথ মণ্ডল দাবি ১৭৷৶ থানা রঘুনাথগঞ্জ মৌজে তালাই ১-৩৮ শতকের কাত ৬৷৶০ আঃ ৫৲ খং ১২৬

৪০৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩০৸৶৫ মৌজাদি ঐ ৩-৬১ শতকের কাত ১৬৷/৯ আঃ ১৫৲ খং ১২১

৪০৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৮৷৶৬ মৌজাদি ঐ ৫-৬৩ শতকের কাত ২২৵৪ আঃ ১৫৲ খং ১১৮

৪০৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০৷৵৬ মৌজাদি ঐ ৫৯ শতকের কাত ১৵০ আঃ ৫৲ খং ১২৭

৪০৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১৷৵৬ মৌজাদি ঐ ৯৮ শতকের কাত ১৸/০ আঃ ৫৲ খং ১২৫

৪০৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭৷/৬ মৌজাদি ঐ ১-৪৬ শতকের কাত ৬৷০ আঃ ৫৲ খং ১২২

৪১৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩৷/৬ মৌজাদি ঐ ২-৪২ শতকের কাত ১১/৭ আঃ ১০৲ খং ৪১৩

৪১০ থাং ডিঃ ঐ দেং কালীপদ মাঝি দিং দাবি ৪৩৸৶৬ মোজাদি ঐ ৮৭ শতকের কাত ৮৸০ আঃ ১০৲ খং ৪৫৩

৪১২ থাং ডিঃ ঐ দেং কেনারাম চন্দ্র দিং দাবি ৩৯/০ মৌজাদ ঐ ১-৭০ শতকের কাত ১০৲ আঃ ১০৲ খং ১১৯

৪১৭ থাং ডিঃ মৃগেন্দ্রনাথ ভট্টাচার্য্য দিং দেং বিভূতিভূষণ সাহা দাবি ৩৯৸৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে প্রসাদপুর কুলড়ী ২-১৯ শতকের কাত ১১৷৯ আঃ ২৫৲ খং প্রসাদপুর ১৪৫।৭, কুলড়ী ৬৭

৪১৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৮৵৬ থানা ঐ মৌজে সিদ্ধিকালী ১-২৬ শতকের সেস্ ৷৵২ আঃ ১৫৲ খং ৫৯

৪১৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮৵০ থানা ঐ মৌজে কুলড়ী ৩৬ শতকের কাত ৩৶৫ আঃ ১০৲ খং ৫৭

২১০ থাং ডিঃ ভূপেন্দ্রনাথ ভট্টাচার্য্য দিং দেং আশুতোষ মুখোপাধ্যায় দাবি ৩৯৷৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ১-৩৫ শতকের কাত ৫৵৩ আঃ ১০০৲ খং ৩১৬

২৯০ থাং ডিঃ প্রশান্তকুমার রায় দিং পক্ষে অলি মাতা ও স্বয়ং কৃষ্ণকনক রায় দেং রামকিঙ্কর সিংহ দিং দাবি ২৩৬৸৵০ থানা সুতী মৌজে লোকাইপুর ২২-৪৭ শতকের জমা ৩১৸৶৫, সেস ৪৸/৩, শিক্ষা-সেস ৬৶৭ আঃ ১০০৲ খং ৪৫২, অধীনস্থ খং ৪৫৩, ৪৫৪

৩২ মনি ডিঃ যদুনন্দন বারিক দেং অযোধ্যা প্রামাণিক দাবি ১২০৷৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে আমগাছি ১২ শতক ও ৬ শতক কাত ।০ আঃ ১০৲ খং ৫২

১৯৬ থাং ডিঃ সতীন্দ্রনাথ দাস দেং বল্লভীমোহন মজুমদার দিং দাবি ৪২৷৵৬ থানা সুতী মৌজে জগতাই ৪/২ বিঘার কাত ৫৲ আঃ ২০৲ খং ১৬৫ মায় তদধানস্থ খং ১৬৬ সহ নীলাম হইবে।

১৯৯ থাং ডিঃ বিমলেন্দুনাথ সিংহ চৌধুরী দিং দেং নির্ম্মলাবালা দাসী দাবি ২১৷৯ থানা সুতী মৌজে দেবীপুর ১৭ শতকের কাত ১৸৬ আঃ ৫৲ খং ১১৩ রায়ত স্থিতিবান।

২৮৮ থাং ডিঃ ঐ দেং ললিতভূষণ দে দাবি ৩০৷৵৩ মৌজাদি ঐ ১৮ শতকের কাত ২৸/৬ আঃ ১৫৲ খং ৮৩ রায়ত স্থিতিবান।

২৮৯ থাং ডিঃ ঐ দেং অনাদিচরণ দে দিং দাবি ৪২৷৵৩ থানা সুতী মৌজে ইচলিপাড়া ৪৯।০ শতকের কাত ২৸৭ আঃ ১৫৲ খং ২১৬ রায়ত স্থিতিবান

১৯৫৩ সালের ডিক্রীজারী

৫৪৮ থাং ডিঃ জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং হরলাল মণ্ডল দিং দাবি ৪৩৵৬ থানা সুতী মৌজে হাজিপুর বামুহা ৫-০৮ শতকের কাত ৮৸৩ নিজা শে আঃ ১০৲ খং ৮১—১২৭

---


### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### *নিলামের দিন ১৩ই সেপ্টেম্বর ১৯৫৪*

১৯৫৪ সালের ডিক্রীজারী

১৮৫ থাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং নরেন্দ্র নারায়ণ চৌধুরী দিং দাবি ২৯৸৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে মির্জ্জাপুর ২-০৮ শতক নিষ্কর সেস ৸/০ আঃ ২০৲ খং ১০৮৮

---




**দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস**

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর্‍যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥৹ টাকা ও মাশুলাদি ১৵৹ এক টাকা এক আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত